

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০৯১.২৩.৫৯৬

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: “নিটিং, নিট ডাইং এন্ড নিট গার্মেন্টস কম্পোজিট” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক  
বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।  
সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১১৩২, তারিখঃ ০৮/১২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, এসকোয়ার নিট কম্পোজিট পিএলসি, অফিস: ৩০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ও কারখানাঃ কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ নামক কারখানাটি “নিটিং, নিট ডাইং এন্ড নিট গার্মেন্টস কম্পোজিট” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিবন্ধন সংখ্যা- ২০০০০৩০৪৩-এইচ, তারিখঃ ১৩/০৩/২০০০ খ্রিস্টাব্দ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের অপেক্ষায় ঢাকা কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- 218-2024, তারিখ- 11/11/24 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- PDA0069977/তারিখ-24/11/24 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য-9650.00 ইউরো দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই, পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানীকৃত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ আগামী ০৩ (তিন) মাসের মধ্যে কারখানায় স্থাপন পূর্বক বস্ত্র অধিদপ্তরে হতে নিবন্ধন সংশোধন/সম্প্রসারণ/সংযোজন করতে হবে। অন্যথায় নিবন্ধন পত্রটি বাতিল বলে গণ্য হবে।
- আমদানীকৃত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ১০০% রপ্তানীমুখী তৈরী পোশাক উৎপাদনে ব্যবহার করতে হবে।

১৪-১২-২০২৪  
মো:সাইফুর রহমান  
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০৯১.২৩.৫৯৬/১ (৫)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম/ঢাকা।।
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসকোয়ার নিট কম্পোজিট পিএলসি, অফিস: ৩০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ও কারখানাঃ কাঁচপুর, সোনারগাঁও, নারায়নগঞ্জ।।
- ৪। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মাইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



১৪-১২-২০২৪

কামরুল আলম  
সহকারী পরিচালক